মুজিবনগরে মৎস সপ্তাহ উপলক্ষে সংবাদ সম্মেলন

মুজিবনগরে ১ সপ্তাহব্যাপী মৎস সপ্তাহ পালনের লক্ষে ১ম দিনে সাংবাদিকদের সাথে মত বিনিময় করেছে উপজেলা মৎস অফিস।
শনিবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা(অঃদা) শহিদুল ইসলামের সভাপতিত্বে উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।
বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মৎস সম্প্রাসারন কর্মকর্তা নাজমুস শাকিব।
এ সময় মুজিবনগরের সকল সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ শুরু

লাভজনক মাছ চাষে চাষীদের আগ্রহ, মাছের জাত উন্নয়ন ও মাছ চাষে সরকারের নানামুখি উদ্যোগে গাংনী উপজেলা এখন মাছ চাষে স্বয়ংসম্পূর্ণ। এ উপজেলার বার্ষিক মাছের চাহিদা ৬৫৫০ মেট্রিক টন পূরণ করে ১৭০ মেট্রিক টন মাছ বাইরের জেলায় পাঠানো হয়। মাছ চাষ আরও বৃদ্ধি করার লক্ষ্যে কাজ করছে সরকার। তাই সকলের সহযোগিতা কামনা করলেন ইউএনও এবং উপজেলা মৎস্য কর্মকর্তা।
আজ শনিবার সকালে গাংনী ইউএনও সভা কক্ষে আয়োজিত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় তাঁরা মৎস্য সপ্তাহের কার্যক্রম তুলে ধরেন। একই সাথে দেশীয় মাছ রক্ষায় নানা কার্যক্রম তুলে ধরা হয়।
অনষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মৎস্য কর্মকর্তা হোসেন আহমদ। প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানম। বক্তব্য রাখেন গাংনী প্রেস ক্লাব সভাপতি রমজান আলীসহ সাংবাদিকবৃন্দ।
অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সহকারি মৎস্য কর্মকর্তা জাকির হোসেন।

সপ্তাহব্যাপী কার্যক্রমের মধ্যে রয়েছে মাছের পোনা অবমুক্ত, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামান্য চিত্র প্রদর্শন, মৎস্য চাষীদের সাথে মতবিনিময় সভা ও পরামর্শ সেবা, পুকুরের মাটি ও পানি পরীক্ষা, সুফলভোগীদের প্রশিক্ষণ এবং ভিডিও কনফারেন্সিং।

জীবননগরে মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা

বেশি বেশি মাছ চাষ করি ,বেকারত্ব দুর করি এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও সিনিয়ার মৎস্য কর্মকর্তা দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে,মতবিনিময় সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,জীবননগর থানার এস আই সাইদুজ্জামান,উপজেলা মৎস্য কর্মকর্তা মাহমুদুল হাসান।এছাড়াও আরো উপস্থিত ছিলেন,সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক শামসুল আলম,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল,সাংবাদিক আকিমুল ইসলাম,মিঠুন মাহমুদ,মাজেদুল মিল্টন,মনিরুল ইসলাম প্রমুখ।

বিরোধীতা না করে স্বাধীনতার আদর্শকে বুকে ধারণ করুন

মুজিবনগর মুক্তিযুদ্ধের চেতনা। মুজিবের নামে নামকরন এই জায়গাটি। এখানে যারা বিরোধিতা করছেন তারা বোকামি করছেন। গাছের আগায় বসে গোড়া কাটার চিন্তা যারা করছেন তারা নিজেদের বিপদ ডেকে আনছেন। এতে আপনারা নিজেরায় ক্ষতিগ্রস্ত হবেন। তাই বিরোধিতা না করে আসুন স্বাধীনতার আদর্শকে বুকে ধারন করুন।
মেহেরপুর জেলা প্রশাসন ও সড়ক বিভাগের আয়োজনে গতকাল শুক্রবার সকালে অনুষ্ঠিত দর্শনা—মুজিবনগর আঞ্চলিক মহাসড়ক(আর—৭৪৯) উন্নয়ন প্রকল্পের আওতায় ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে এ সকল কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।
তিনি বলেন, আমরা চারিপাশে যত উন্নয়নের দৃশ্য দেখতে পাচ্ছি সেগুলো সবই শেখ হাসিনা সরকারের উন্নয়ন। আমরা মুজিবনগরের উন্নয়ন করার জন্য যে পরিকল্পনা হাতে নিয়েছি আগামী অর্থবছরের মধ্যে শুরু করা হবে মুজিবনগর উন্নয়ন মূলকের নির্মান কাজ। আগামী দুই বছরের মধ্যে শেষ করা হবে কাজটি। কৃষকের দিকটা বিবেচনা করে আমরা মাঠের রাস্তাগুলো পাকাকরন করছি। যাতে করে কৃষকরা তাদের ফসল খুব সুন্দরভাবে বাড়ি তুলতে পারে। এখানকার মানুষ অর্থনৈতিক ভাবে স্বচ্ছল থাকবে এটাই আমাদের একমাত্র লক্ষ।
মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক এ্যাড.ইব্রাহীম শাহীন,পাবলিক প্রসিকিউটর এ্যাড.পল্লব ভট্রাচার্য,মেহেরপুর জেলা শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক।
স্বেচ্ছাসেবককর্মি জাহিদ হাসান রাজিবের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন প্রমুখ। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী কুষ্টিয়া সওজ,সড়ক সার্কেল মোহাম্মদ মাসুদ করিম। ২৪ কোটি টাকা ব্যায়ে মুজিবনগরের আওতাধীন দর্শনা—মুজিবনগর আঞ্চলিক রাস্তাটি গত

২০ ডিসেম্বর ২০২০ সাল থেকে নির্মান কাজ শুরু করা হয়েছে। আগামী ২০২২ সালের জুন মাসের মধ্যে নির্মান কাজ শেষ করা হবে।

চুয়াডাঙ্গায় ৪৫ জন করোনা আক্রান্ত

চুয়াডাঙ্গা সদরে আবারও করোনার ধাক্কা। শুক্রবার ঊর্ধ্বগতিতে বেড়েছে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা। আবারো আক্রান্ত হয়েছেন ৪৫ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৬ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৬ জন এবং জেলার বাইরে ২০ জন।

গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু শুন্য থাকলেও শুক্রবার নতুন করে ৪৫ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬৭৬ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ শুক্রবার কোনো নমুনা সংগ্রহ না করলেও ।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ০৫১ জন।এ দিকে ৫৭ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৬ হাজার ২৯৫ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে। এ সময় ৪৫ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬৭৬ জনে।এ সময় সুস্থ রোগী না থাকলেও ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হলেন ৫ হাজার ৮৮২ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ২৩ জন আর বাড়িতে আছেন ৫৬৫ জন। নতুন যে ৪৫ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৩০ জন আলমডাঙ্গায় ৭ জন দামুড়হুদার ৭ জন এবং জীবননগরে ১ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৫ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা

করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১২.৭৭ শতাংশ।

গাংনীতে ব্যাংকের এজেন্টকে গুলি করে হত্যার ঘটনায় মামলা

মেহেরপুরের গাংনীতে সিটি ব্যাংকের এজেন্ট খাদেমুল ইসলামকে গুলি করে হত্যার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার নিহতের ভাই আরফান আলী বাদী হয়ে কয়েকজন অজ্ঞাতনামাদের বিরুদ্ধে মামলাটি দায়ের করেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান, খাদেমুল ইসলামকে গুলি করে হত্যার ঘটনায় তার ভাই বাদী হয়ে অজ্ঞাতনামাদের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করেছে। মামলা নং ৩০। তারিখ ২৭-০৮-২০২১ ইং। মামলাটি তদন্ত করা হচ্ছে তদন্তে এখন পর্যন্ত অগ্রগতি হয়েছে। হত্যাকান্ডের ঘটনায় জড়িতদের সনাক্ত পূর্বক দ্রত গ্রেফতার করা সম্ভব হবে।

উল্লেখ্য, বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে আমঝুপি-গাড়াডোব সড়কের গাড়াডোব এলাকায় ছিনতাইকারীরা ছিনতাইয়ের চেষ্টা ব্যার্থ হয়ে গুলি করে খাদেমুল ইসলামকে হত্যা করে। খাদেমুল ইসলাম খুন হলেও তারে কাছে থাকা ব্যাগে ৪৬ লাখ টাকা অক্ষত থাকে।

দামুডহুদা ও দর্শনা এলাকায় ভারি বর্ষনে পাকা ধান নিয়ে

কৃষকের নাজেহাল অবস্থা

গত বৃহস্পতিবার রাতে দামুডহুদা উপজেলা ও দর্শনা এলাকায় প্রবল ও ভারী বৃষ্টি বর্ষণের কারনে নিচু এলাকার জমির পাকা ও আধাপাকা ধান পানিতে ডুবে যাওয়ার অবস্থা হয়েছে। কৃষক আরিফুল ইসলাম, জহিরুল ইসলাম ও কাছেদ মন্ডল জানান গতকালের মত শুক্র ও শনিবার যদি ফের ভারী বর্ষন হয় তাহলে এলাকার কাচা আধাপাকা ও পাকাধান পানিতে তলিয়ে যাবে ।

তার পরেও এলাকায় লেবার সংকট চলছে চরমে, লেবার তো পাওয়া যাচ্ছেইনা তারপর আবার দাম চড়া। খুব কষ্ট করে নিজেরাই তলিয়ে যাওয়া ধান কেটে ডাঙায় তুলছি।

এ বিষয়ে দামুডহুদা উপজেলা কৃষি-কর্মকর্তা মো মনিরুজ্জামান জানান অতি বর্ষনে আমন ক্ষেতে পানি বেধেছে, বৃষ্টি অব্যাহত থাকলে ধান ফসলের ক্ষতি হতে পারে ।

তিনি জানান এ বছর দর্শনা ও দামুডহুদা উপজেলায় ৭হাজার হেক্টর জমিতে আমনধান চাষ করা হয়েছে । তিনি জানিয়েছেন এ বছর যদি বর্ষনের কারণে ধানের ক্ষতি না হয়, তাহলে গত বছরের চেয়ে এ বছর ধানের বাম্পার ফলন হওয়ার সম্ভাবনা রয়েছে ।

আলমডাঙ্গায় কাজী নজরুল ইসলামের ৪৫তম প্রয়াণ দিবস অনুষ্ঠিত

আলমডাঙ্গায় কবি কাজী নজরুল ইসলামের ৪৫তম মহা প্রয়াণ দিবস পালিত হয়েছে। শুক্রবার সন্ধ্যায় আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংসদের উদ্যোগে এ দিবস পালন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংসদের সভাপতি আশরাফুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কবি আসিফ জাহান। তিনি বলেন অসাম্প্রদায়িক চেতনা, সাম্যবাদী কবি কাজী নজরুল

ইসলামের ভাব দর্শন আজ বড় প্রাসঙ্গিক।

এছাড়া অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন কমলকান্তি চর্ক্রবর্তী, ওস্তাদ রেজাউল করিম, আতিক বিশ্বাস, পান্না মাষ্টার, মমিন শা,প্রমুখ।

মেহেরপুরে ১৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১১ জন, মুজিবনগর ২ জন।
শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১০৪ টি। তারমধ্যে ১৩ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৫৭ জন। তার মধ্যে সদরে ৭২ জন, গাংনীতে ৫৬ জন এবং মুজিবনগরে ২৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

টেকসই বাঁধ নির্মাণের দাবিতে ফেনীতে জলবায়ু ধর্মঘট

ফেনীতে টেকসই বাঁধ নির্মাণের দাবিতে জলবায়ু ধর্মঘট পালন করেছে ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিস। শুক্রবার (২৭ আগস্ট) সকাল ১১টার দিকে ফুলগাজী উপজেলার ঘনিয়ামোড়ায় এ ধর্মঘট আয়োজন করে সংগঠনটির

সদস্যরা।

এ সময় উপস্থিত ছিলেন- ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিস ফেনী জেলা শাখার সমন্বয়ক এসজেড অপু, সহ-সমন্বয়ক মোহাইমিনুল ইসলাম জিপাত, জলবায়ু যোদ্ধা আশরাফ উদ্দিন, জাহিদ হাসান, নির্মল দেব নাথসহ ইয়ুথনেট ফেনী জেলার সদস্যরা ও এলাকাবাসী।

এসজেড অপু বলেন, ফেনীর ফুলগাজীতে মুহুরী নদীরক্ষা বাঁধের একটি জায়গায় ভাঙন দেখা দিয়েছে। এতে লোকালয়ে পানি ঢুকে উপজেলার জয়পুর, কিছমত ঘনিয়া, পূর্ব ঘনিয়া মোড়া ও পশ্চিম ঘনিয়া মোড়া এলাকা প্লাবিত হয়েছে। তলিয়ে গেছে রাস্তাঘাট ও ফসলি জমি। ভারত থেকে উৎপন্ন মুহুরী নদীতে বাঁধ দেওয়া হয় এক যুগ আগে। এখন সেই বাঁধই ফুলগাজী, পরশুরামবাসীর কান্নার কারণ প্রতিবছর ভাঙার ফলে। তাই আমিসহ ইয়ুথনেট ও এলাকাবাসীর দাবি দ্রুত স্থায়ী বাঁধ নির্মাণ করে সবার কষ্ট দূর করতে হবে।

এ সময় স্থায়ী বাঁধ প্রতি বছর ভাঙন রোধ, ফসলি জমি নষ্ট, মৎস্য ঘের তলিয়ে যাওয়া, ফেনী-পরশুরাম আঞ্চলিক সড়কসহ সব সড়কের ক্ষতিরোধের দাবি জানানো হয়।